আলমডাঙ্গায় কৃষকদের মাঝে কৃষি উপকরণ বিতরণ

আলমডাঙ্গায় কৃষকদের মাঝে কৃষি উপকরণ বিতরণ অনুষ্ঠিত হয়েছে। আলমডাঙ্গা কৃষি অফিসে যশোর অঞ্চলের টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের আওতায় এই কৃষি উপকরণ বিতরণ করা হয়।

নিরাপদ উচ্চমূল্যের মসলার প্রদর্শনীতে কৃষকদের মাঝে বিভিন্ন ধরনের বীজ বিতরণ করা হয়। এ প্রদর্শনীতে আলমডাঙ্গা উপজেলা কৃষি কর্মকর্তা মাসুদ হোসেন পলাশের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত উপপরিচালক কৃষিবিদ কৃষ্ণ রায়।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা কৃষি সম্প্রসারণ অফিসার কৃষিবিদ সাইফুল্লাহ মাহমুদ, সহকারী কৃষি সম্প্রসারণ অফিসার ডিপ্লোমা কৃষিবিদ মো. আব্দুস সামাদ এবং উপসহকারী কৃষি কর্মকর্তা ডিপ্লোমা কৃষিবিদ মো. আশরাফুল আলম।

কৃষি উপকরণ বিতরণ অনুষ্ঠানে মোট ১৩৫ জন কৃষকের মাঝে উচ্চমূল্যের বিভিন্ন বীজ বিতরণ করা হয়। কৃষকদের মাঝে দেওয়া হয় কাকরোল ১০টি, করলা ১০টি, চিচিঙ্গা ১০টি, লতিকচু ১০টি, মুখিকচু ১০টি, গ্রীষ্মকালীন টমেটো ১০টি, আদা ৯টি, হলুদ ৮টি, মরিচ ৪টি, মাশরুম ৩টি, গ্রীষ্মকালীন তরমুজ ১০টি, লিচু ৩টি, আম ৪টি, কলা ৩টি, পেঁপে ৪টি, কুল ১০টি, ড্রাগন ১টি, কৃষি প্রযুক্তি গ্রাম ৩টি, ভার্মি কম্পোস্ট ১০টি এবং ট্রাইকো কম্পোস্ট ৩টি।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, বর্তমান সরকার কৃষিপণ্যের ওপর বিশেষ নজর দিয়েছে। সকল প্রকার কৃষি ফসলের পাশাপাশি উচ্চমূল্যের মসলা, ফল ও মাশরুম চাষের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। কৃষকদের উৎসাহিত করতে এ ধরনের প্রদর্শনীর মাধ্যমে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। আত্মনির্ভরশীল কৃষক পরিবার একটি উন্নয়নশীল দেশ গড়তে সর্বোচ্চ ভূমিকা রাখবে।

আলমডাঙ্গায় সাপের কামড়ে তিন বছরের শিশুর মৃত্যু

আলমডাঙ্গায় সাপের কামড়ে নুসাইবা (৩) নামে এক শিশুর মৃত্যু হয়েছে। উপজেলার বারাদী ইউনিয়নের অনুপনগর গ্রামে এ ঘটনা ঘটে।
নিহত নুসাইবা অনুপনগর গ্রামের কামরুল মিয়ার মেয়ে। গতকাল সোমবার দুপুরের দিকে এ ঘটনা ঘটে।

পরিবার সূত্রে জানা যায়, দুপুরে বাড়ির আশপাশে খেলাধুলা করার সময় হঠাৎ একটি সাপ নুসাইবাকে কামড় দেয়। বিষয়টি টের পেয়ে পরিবারের সদস্যরা দ্রুত তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক বিকেলের দিকে শিশুটিকে মৃত ঘোষণা করেন।

নুসাইবার মৃত্যুর খবর এলাকায় ছড়িয়ে পড়লে গ্রামজুড়ে শোকের ছায়া নেমে আসে। সন্ধ্যার দিকে নিথর মেয়েকে কোলে নিয়ে বাড়িতে ফেরার সময় বাবার আহাজারিতে পরিবেশ ভারী হয়ে ওঠে। স্বজন ও প্রতিবেশীরাও কান্নায় ভেঙে পড়েন।

আলমডাঙ্গায় সাংবাদিকদের সঙ্গে সাবেক চেয়ারম্যান সেলিমের মতবিনিময় ও ইফতার

আলমডাঙ্গার মুন্সিগঞ্জে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভা ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আলমডাঙ্গা উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও জেহালা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আসিরুল ইসলাম সেলিম এ অনুষ্ঠানের আয়োজন করেন।
সোমবার বাদ আসর মুন্সিগঞ্জ বালিকা বিদ্যালয় প্রাঙ্গণে এ মতবিনিময় সভা ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন জেহালা ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি তাহাজ উদ্দিন মাস্টার, দৈনিক মাথাভাঙ্গার বার্তা সম্পাদক ও দৈনিক যুগান্তরের চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি ছড়াকার আহাদ আলী মোল্লা, আলমডাঙ্গা উপজেলা প্রেসক্লাবের সিনিয়র সদস্য রহমান মুকুল, সিনিয়র সাংবাদিক শ্রী প্রশান্ত কুমার বিশ্বাস, ফিরোজ ইফতেখার, তানভীর সোহেল, আতিক বিশ্বাস, দৈনিক মাথাভাঙ্গার শিফট ইনচার্জ আলম আশরাফ, আলমডাঙ্গা উপজেলা প্রেসক্লাবের সভাপতি নাহিদ হাসান, সহ-সভাপতি সোহেল হুদা ও আব্দুল্লাহ হক, সাধারণ সম্পাদক নাজমুল হক শাওন, যুগ্ম সাধারণ সম্পাদক অনিক সাইফুল ও তানজিদ হিরো, সাংগঠনিক সম্পাদক সঞ্জু আহমেদ, দপ্তর সম্পাদক শরিফুল ইসলাম রোকন, কোষাধ্যক্ষ শাহরিয়ার শরিফ, আইসিটি বিষয়ক সম্পাদক কাজী সোহাগ, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক রিপন আলী, কার্যনির্বাহী সদস্য সেলিম রেজা, সালাউদ্দিন মুক্তার, কলিন মোর্শেদ, আব্দুল্লাহ আল মামুন, মহিদুল ইসলাম প্রমুখ।

অনুষ্ঠানের প্রধান অতিথি আসিরুল ইসলাম সেলিম বলেন, পরিচ্ছন্ন ভাবমূর্তি ও উজ্জ্বল ভবিষ্যতের আকাঙ্ক্ষা নিয়ে আগামী দিনে উপজেলা পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী হিসেবে নির্বাচনে অংশগ্রহণ করতে চান তিনি। তিনি বলেন, আলমডাঙ্গা উপজেলাকে একটি মডেল উপজেলা হিসেবে গড়ে তুলতে এ বৃহত্তর জনপদের মানুষের সেবা করতে চান।

তিনি আরও বলেন, অতীতে জেহালা ইউনিয়নের চেয়ারম্যান হিসেবে নির্বাচিত হয়ে মানুষের কল্যাণে কাজ করেছেন। আগামী দিনেও উপজেলাবাসীর সেবা করার ব্রত নিয়ে এগিয়ে যেতে চান।

এ সময় তিনি উপজেলাবাসীর দোয়া ও আশীর্বাদের পাশাপাশি সাংবাদিকদের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং আশা প্রকাশ করেন যে, নির্বাচনের দীর্ঘ সময়ে সাংবাদিকরা তার পাশে থাকবেন।

আলমডাঙ্গায় পুলিশের অভিযানে

মাদকসহ একজন গ্রেফতার

আলমডাঙ্গা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ২৮ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ একজনকে গ্রেফতার করা হয়েছে। গত রবিবার সন্ধ্যা ৭টার দিকে অভিযান চালিয়ে তুষার হোসেন (৩২) নামে ওই ব্যক্তিকে গ্রেফতার করা হয়।

আলমডাঙ্গা থানার এসআই (নিঃ) মো. জাহাঙ্গীর হোসেন মুন্সিগঞ্জ পুলিশ ক্যাম্পের সঙ্গীয় ফোর্স নিয়ে ক্যাম্প এলাকায় মাদকদ্রব্য উদ্ধারে বিশেষ অভিযান পরিচালনা করেন। অভিযান চলাকালে গোপন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা থানাধীন জেহালা পুকুরপাড় এলাকায় মো. শহিদুল ইসলামের ফার্নিচার দোকানের সামনে কাঁচা রাস্তা থেকে স্থানীয় লোকজনের সহায়তায় হাফিজুর রহমানের ছেলে মো. তুষার হোসেনকে মাদকসহ গ্রেফতার করা হয়।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নের গড়চাপড়া গ্রামের বাসিন্দা তুষার হোসেন এলাকার চিহ্নিত মাদক ব্যবসায়ী। তার কাছ থেকে ২৮ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করা হয়।

এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) ধারার সারণির ২৯(ক) অনুযায়ী মামলা রুজু করে তাকে আদালতে সোপর্দ করা হয়েছে।

আলমডাঙ্গায় প্রেসক্রিপশন পয়েন্টের উদ্যোগে ইফতার মাহফিল

আলমডাঙ্গায় প্রেসক্রিপশন পয়েন্টের উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। প্রেসক্রিপশন পয়েন্টের সৌজন্যে ফার্মাসিউটিক্যাল রিপ্রেজেন্টেটিভ অ্যাসোসিয়েশনের প্রতিনিধিদের নিয়ে এ ইফতার মাহফিলের আয়োজন করা হয়।

সোমবার আলমডাঙ্গার লাইলা কনভেনশন হলে এ ইফতার মাহফিল অনুষ্ঠিত

হয়। অনুষ্ঠানে মানবাধিকার কর্মী খাইরুল ইসলামের সঞ্চালনায় এবং আলহাজ্ব ডা. লিয়াকত আলীর সভাপতিত্বে পবিত্র মাহে রমজানের তাৎপর্য নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন সাবেক সিভিল সার্জন ডা. রওশন আরা, বাংলাদেশ মানবাধিকার কমিশন আলমডাঙ্গা শাখার সভাপতি আল আমিন হোসেন পরশ, সেক্রেটারি প্রভাষক খাইরুল ইসলাম, কোষাধ্যক্ষ সাইদুল ইসলাম, আলমডাঙ্গা উপজেলা প্রেসক্লাবের প্রচার সম্পাদক আব্দুল জব্বার, এপেক্স কোম্পানির আরএসএম আব্দুল জব্বার, ইথিক্যাল ফার্মার ম্যানেজার আরজু, ওরিয়ন ফার্মার ম্যানেজার শফিকুল ইসলামসহ ফার্মাসিউটিক্যালস রিপ্রেজেন্টেটিভস অ্যাসোসিয়েশনের (ফারিয়া) প্রতিনিধিরা।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন ফরিদুল ইসলাম। আলোচনা শেষে দেশ ও জাতির মঙ্গল কামনায় দোয়া পরিচালনা করেন আরিফ হোসেন।

আলমডাঙ্গায় খেলাফত মজলিসের ইফতার মাহফিল

আলমডাঙ্গায় খেলাফত মজলিসের উদ্যোগে আলোচনা সভা ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। খেলাফত মজলিস আলমডাঙ্গা উপজেলা শাখার আয়োজনে “খেলাফত প্রতিষ্ঠার লক্ষ্যে গণআন্দোলন গড়ে তুলুন” এবং রমজানের গুরুত্ব ও তাৎপর্য শীর্ষক এ আলোচনা ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

সোমবার বিকাল ৫টার দিকে আলমডাঙ্গা চারতলা মোড়ের সেফ অ্যান্ড সুপার রেস্টুরেন্টে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন খেলাফত মজলিস উপজেলা শাখার সভাপতি মাওলানা আনিসুর রহমান।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খেলাফত মজলিসের কেন্দ্রীয় নায়েবে আমির ও কুষ্টিয়া জোন পরিচালক অধ্যাপক মাওলানা সিরাজুল ইসলাম। তিনি বলেন, দেশের ইসলামী ও সমমনা রাজনৈতিক শক্তিগুলোর মধ্যে পারস্পরিক আস্থা, সংহতি ও ঐক্য আজ সময়ের অপরিহার্য দাবি।

বিভক্তি বা মতানৈক্য জাতির কোনো কল্যাণ বয়ে আনতে পারে না। বরং জাতীয় স্বার্থে এবং জনগণের প্রত্যাশা পূরণে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও কুষ্টিয়া জোন পরিচালক, সাবেক ব্যাংকার সিরাজুল ইসলাম। তিনি বলেন, যে চেতনা ও প্রত্যাশা নিয়ে জুলাই আন্দোলন সংগঠিত হয়েছিল, সেই চেতনার বাস্তব প্রতিফলন ঘটাতে হলে রাজনৈতিক দল, যুব সংগঠন এবং সচেতন নাগরিক সমাজকে সম্মিলিতভাবে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। যুবসমাজই জাতির ভবিষ্যৎ ও পরিবর্তনের প্রধান শক্তি। তাই দেশের কল্যাণে, ন্যায়ভিত্তিক সমাজ গঠনে এবং ইসলামী মূল্যবোধ প্রতিষ্ঠায় সমাজকে অগ্রণী ভূমিকা রাখতে হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি মাওলানা মনিরুজ্জামান, আলমডাঙ্গা উপজেলা শাখার সভাপতি আকরাম হোসাইন, কুষ্টিয়া জেলা যুব মজলিসের সেক্রেটারি হাফেজ মো. শফিউল ইসলাম, বাড়াদী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও বিশিষ্ট সমাজসেবক মনিরুজ্জামান মনি এবং জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ ইমাম মাওলানা মো. আবুল বাশার।

আলহাজ্ব জাকারিয়া হাবিবের উপস্থাপনায় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন আলমডাঙ্গা নাগরিক উন্নয়ন কমিটির সাংগঠনিক সম্পাদক শরিফুল ইসলাম পিন্টু এবং সরকারি কলেজের প্রভাষক মো. আব্দুল হাই।

অনুষ্ঠান শেষে দোয়া মাহফিল পরিচালনা করেন মাওলানা মো. ইসহাক আলী।

আলমডাঙ্গায় আতশবাজি বিস্ফোরণে তিন শিশু জখম

আলমডাঙ্গার ভাংবাড়ীয়া গ্রামে ঈদের আনন্দে দিয়াশলাইয়ের বারুদ দিয়ে পটকা বানিয়ে ফোটাতে গিয়ে বিস্ফোরণের ঘটনা ঘটেছে। এতে তিন শিশু গুরুতর আহত হয়েছে। তাদের মধ্যে একজনের হাতের কব্জি থেকে পাঁচটি

আঙুল বিচ্ছিন্ন হয়ে গেছে বলে জানা গেছে।

গতকাল রবিবার বেলা আনুমানিক ১১টার দিকে আলমডাঙ্গা উপজেলার ভাংবাড়ীয়া গ্রামের মিলপাড়া এলাকায় এ ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা যায়, কয়েকজন শিশু মিলে নবনির্মিত একটি মসজিদের ছাদে পটকা তৈরি করে তা ফোটানোর চেষ্টা করছিল। এ সময় হঠাৎ বিকট শব্দে বিস্ফোরণ ঘটে এবং ঘটনাস্থলেই তিন শিশু গুরুতর আহত হয়।

আহতরা হলেন জাকির হোসেনের ছেলে রনক (১৩), উজ্জ্বল হোসেনের ছেলে হুসাইন আলি (১০) এবং আহমেদ আলির ছেলে আলমিয়া হোসেন (১০)।

বিস্ফোরণে রনক নামের শিশুটির হাতের কব্জি থেকে পাঁচটি আঙুল বিচ্ছিন্ন হয়ে যায় বলে স্থানীয়রা জানান। পরে স্থানীয়রা দ্রুত আহতদের উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যায়।

সেখানে প্রাথমিক চিকিৎসা শেষে রনকের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় উন্নত চিকিৎসার জন্য তাকে ঢাকায় রেফার করা হয়েছে।

খবর পেয়ে আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ (ওসি) বাণী ইসরাইল ঘটনাস্থল পরিদর্শন করেন এবং বিষয়টি খতিয়ে দেখেন।

ঘটনাটি এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি করেছে। স্থানীয়রা শিশুদের ঝুঁকিপূর্ণ খেলাধুলা ও আতশবাজি তৈরির বিষয়ে অভিভাবকদের আরও সচেতন হওয়ার আহ্বান জানিয়েছেন।

আলমডাঙ্গা প্রাথমিক শিক্ষক সমিতির ইফতার মাহফিল

আলমডাঙ্গা উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির আয়োজনে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকালে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয় উপজেলা চত্ত্বরের সমিতির নিজ কার্যালয়ে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও আলমডাঙ্গা আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নাসির উদ্দীন এটম। এছাড়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রধান শিক্ষক আব্দুস সালেহীন শাজাহান আলী, আশরাফুল আলম, হাফিজুর রহমান, আবুল কালাম আজাদ, সহকারী শিক্ষক জামিরুল ইসলাম খান, আসলাম হোসেন, আব্দুল আলিম, তবিবুর রহমান, মকবুল হোসেন, কাজল, মশিউর রহমান, আব্দুল্লাহ আল মামুন, ফিরোজ হোসেন প্রমুখ।

ইফতার ও দোয়ার অনুষ্ঠানে যুদ্ধবিধ্বস্ত অস্থির পৃথিবীর জন্য শান্তি কামনা করা হয়। পাশাপাশি বাংলাদেশের প্রবাসী ভাইদের জীবন সুরক্ষার জন্য বিশেষ মোনাজাত করা হয়। এছাড়া দেশের নবনির্বাচিত সরকারের মাধ্যমে দেশের শান্তি ও কল্যাণ কামনাও করা হয়।

আলমডাঙ্গা কলেজপাড়ায় রাস্তার ঢালাইয়ে অনিয়মের অভিযোগ

আলমডাঙ্গা কলেজপাড়ার রাস্তার ঢালাইয়ের কাজে ব্যাপক অনিয়মের অভিযোগ উঠেছে। এলাকাবাসী বিষয়টি তদন্তের দাবি জানিয়েছেন।

আলমডাঙ্গা পৌরসভার ৩ নম্বর ওয়ার্ডের কলেজপাড়ায় চলমান রাস্তার ঢালাই কাজে অনিয়মের অভিযোগ উঠেছে। স্থানীয়দের দাবি, রাতের আঁধারে ঢালাইয়ের সময় সিমেন্ট কম ব্যবহার করা হয়েছে এবং নিম্নমানের বালি প্রয়োগ করা হয়েছে। এর ফলে ঢালাই করা রাস্তার কিছু অংশে ইটের খোয়া ভেসে উঠতে দেখা গেছে, যা কাজের মান নিয়ে প্রশ্ন তুলেছে।

এলাকাবাসীর অভিযোগ, নিম্নমানের উপকরণ ব্যবহারের কারণে রাস্তার স্থায়িত্ব নিয়ে শঙ্কা দেখা দিয়েছে। বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবিতে স্থানীয় বাসিন্দারা উপজেলা নির্বাহী কর্মকর্তার বরাবর একটি লিখিত অভিযোগ জমা দিয়েছেন।

জানা গেছে, পৌরসভার এডিপি প্রকল্পের আওতায় প্রায় সাড়ে নয় লাখ

টাকার এ রাস্তার কাজটি বাস্তবায়ন করা হচ্ছে। তবে কাজের মান নিয়ে শুরু থেকেই স্থানীয়দের মধ্যে অসন্তোষ বিরাজ করছে। এমনও অভিযোগ উঠেছে, ঢালাই কাজে তুলনামূলকভাবে কম সিমেন্ট ব্যবহার করে পরে কিছু জায়গায় সিমেন্টের আবরণ দিয়ে ঢালাই করা হয়েছে।

স্থানীয় বাসিন্দা আমিনুল ইসলাম বলেন, “আমরা এলাকাবাসী মিলে একটি লিখিত অভিযোগ উপজেলা প্রশাসনের কাছে জমা দিয়েছি। কিন্তু এখন পর্যন্ত এ বিষয়ে কোনো তদারকি দেখা যায়নি।”

ঠিকাদারি প্রতিষ্ঠানের মালিক সাইদুর রহমান বলেন, ঢালাই কাজের সময় তিনি ঘটনাস্থলে উপস্থিত ছিলেন না। পরে বিষয়টি জানতে পেরে সংশ্লিষ্ট মিস্ত্রিদের পর্যাপ্ত সিমেন্ট ব্যবহার করে ভালোভাবে ফিনিশিং করার নির্দেশ দিয়েছেন।

এদিকে উপজেলা নির্বাহী কর্মকর্তা পান্না আক্তার জানান, “বিষয়টি তদন্তের জন্য ইঞ্জিনিয়ার পাঠানো হবে। পরীক্ষা-নিরীক্ষা করে যদি কাজের মান খারাপ পাওয়া যায়, তাহলে অবশ্যই ঠিকাদারি প্রতিষ্ঠানের কাজ বন্ধ করে দেওয়া হবে।”

আলমডাঙ্গায় বাসি খাবার বিক্রি, উত্তম মিষ্টান্ন ভাণ্ডারে ৫ হাজার টাকা জরিমানা

পবিত্র মাহে রমজানে আলমডাঙ্গায় পচা ও বাসি খাবার বিক্রির অভিযোগে একটি মিষ্টির দোকানকে ৫ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

গতকাল বুধবার সকাল ১১টার দিকে আলমডাঙ্গা পৌর কাঁচাবাজার এলাকায় এ অভিযান পরিচালনা করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট পান্না আক্তার। অভিযানে ‘উত্তম মিষ্টান্ন ভাণ্ডার’ এ সংরক্ষিত কিছু খাদ্যপণ্য পচা ও বাসি অবস্থায় পাওয়া যায় বলে প্রশাসন জানায়।

এ ঘটনায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ও সংশ্লিষ্ট বিধান অনুযায়ী প্রতিষ্ঠানটিকে ৫ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানকালে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা পৌরসভার স্যানিটারি ইন্সপেক্টর মাহফুজ রানা। আইনশৃঙ্খলা রক্ষায় সহযোগিতা করে আলমডাঙ্গা থানা পুলিশের একটি বিশেষ টিম।

রমজানের মতো সংযম ও পবিত্রতার মাসে এ ধরনের অনিয়মের ঘটনায় স্থানীয়দের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে। উপজেলা প্রশাসন জানিয়েছে, জনস্বার্থ ও জনস্বাস্থ্য সুরক্ষায় এ ধরনের ভ্রাম্যমাণ আদালতের অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।